

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং: ৩৪.০১.০০০০.০৩৮.৪২.১৭৭.২০১৫- ২৫৭

তারিখ: ০৬ পৌষ, ১৪২৩বং
২২ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়: আইএমইডি কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: ২১.১৭১.০১৪.০০.০০.৫০৮.২০১৪-২৭৪, তারিখ: ২৭/১১/২০১৬খ্রিঃ।

সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)(1st Revised)]- শীর্ষক প্রকল্পের আওতাধীন নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত সুপারিশসমূহ রয়েছে :

সুপারিশ :

০১. প্রকল্পটি সুষ্ঠু ও লক্ষ্যমাত্রানুযায়ী বাস্তবায়নের উদ্দেশ্যে নিবিড় তদারকি করতে হবে।
 ০২. বায়োগ্যাস প্লান্টের আকার মূলতঃ ডেইরি/পোল্ট্রি খামারের সাইজের ওপর নির্ভর করে। তাই প্লান্টের উৎপাদন ক্ষমতা এবং এর বহুবিধ ব্যবহার অক্ষুণ্ন রাখার লক্ষ্যে প্লান্ট স্থাপনের মূল উপকরণ/কাঁচামাল প্রয়োজনীয় পরিমাণে সরবরাহ প্রাপ্তি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
 ০৩. সংশোধিত এডিপি বরাদ্দে সাবসিডি খাতে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখা হয়েছে। সকল গ্রাহককে সাবসিডি প্রদান নিশ্চিত করতে হবে। ঋণের পর্যাণ্ডতা অনুসারে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
 ০৪. পথ চলাচলের বিঘ্ন ও ঝুঁকি রোধকল্পে প্রকল্প এলাকায় বাস্তবায়িতব্য প্লান্টে রেসিডুয়াল চৌবাচ্চা ও উপকরণ জমার চৌবাচ্চা আরসিসি স্লাব/ঝুঁকিমুক্ত কোন ঢাকনা দিয়ে ঢেকে রাখার ব্যবস্থা করতে হবে।
- ০২। এমতাবস্থায়, উপরোক্ত সুপারিশসমূহ জরুরীভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

-----উপজেলা

-----জেলা।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২, ১ম সংশোধিত) প্রকল্প

ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।

E-mail:pdimpactphase2dyd@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। মহাপরিচালক, আইএমইডি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।
- ০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।